# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

## সাভার, ঢাকা-১৩৪২

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিভিন্ন ইউনিটের অর্ন্তভূক্ত বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে। আবেদনকারীকে **জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট ju-admission.org** এ প্রকাশিত নিয়মাবলি অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে অনলাইনে আবেদন করতে হবে।

আবেদনের সময়সীমা: **২২ নভেম্বর ২০২৫ তারিখ বিকাল ০৪:৩০ টা থেকে ০৭ ডিসেম্বর ২০২৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত।**

আবেদন ফি: অনলাইনে ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড/মোবাইল ব্যাংকিং সেবা ব্যবহার করে নিম্নোক্তহারে আবেদন ফি প্রদান করতে হবে।

- **A, B, C এবং D ইউনিটের প্রতিটির জন্য ৮০০ টাকা।**
- **E ইউনিটের জন্য ৭০০ টাকা।**
- **C1 ইউনিট এবং ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জেইউ প্রতিটির জন্য ৬০০ টাকা।**

**আবেদন ফি'র সাথে ১.২% সার্ভিস চার্জ আবেদনকারীকে প্রদান করতে হবে (সকল ইউনিটের ক্ষেত্রে প্রযোজ্য)।**

ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ: **২১ ডিসেম্বর ২০২৫ তারিখ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে (শুক্রবার, শনিবার ও সরকারী ছুটির দিন ব্যতীত) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। চূড়ান্ত তারিখ ও সময়সূচি** পরবর্তীতে **ju-admission.org ওয়েবসাইট ও দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির** মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। **এছাড়াও পরীক্ষার পূর্বে বিস্তারিত তথ্য ও সিটপ্ল্যান ju-admission.org ওয়েবসাইটে পাওয়া যাবে।**

### ১. বিভিন্ন ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা :

ক. **২০২২ সাল** ও তার পরবর্তী বছরসমূহের মাধ্যমিক/সমমানের পরীক্ষা এবং **২০২৪ ও ২০২৫ সালের** উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ. মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার ৪র্থ বিষয়সহ মোট জিপিএ গণনা করা হবে।

গ.

| ইউনিটের নাম | মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| A ইউনিট (গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি, আইআইটি) | উভয় পরীক্ষায় মোট জিপিএ ৮.৫০ (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে)। |
| B ইউনিট (সমাজবিজ্ঞান অনুষদ), C ইউনিট (কলা ও মানবিকী অনুষদ, আইন অনুষদ এবং তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট) | উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখার জন্য মোট জিপিএ ৮.৫০ (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে); মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখার জন্য মোট জিপিএ ৭.৫০ (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে)। |
| C1 ইউনিট (কলা ও মানবিকী অনুষদ: নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ) | উভয় পরীক্ষায় মোট জিপিএ ৭.৫০ (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে)। |
| D ইউনিট (জীববিজ্ঞান অনুষদ) | উভয় পরীক্ষায় মোট জিপিএ ৯.০০ (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে)। |
| E ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ) | উভয় পরীক্ষায় মোট জিপিএ ৮.০০ তন্মধ্যে মাধ্যমিক/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.০০ ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে। |
| ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জেইউ) | উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখার জন্য মোট জিপিএ ৮.০০ (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৭৫); মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখার জন্য মোট জিপিএ ৭.৫০ (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০) থাকতে হবে। |

ঘ. জি.সি.ই. ২০২০ সাল থেকে তৎপরবর্তী সাল পর্যন্ত O-Level পরীক্ষায় অন্তত ৫ (পাঁচ)টি বিষয়ে এবং **২০২৪ অথবা** ২০২৫ সালের A-Level পরীক্ষায় অন্তত ২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। আবেদনকারীর O-Level এবং A-Level এর মোট ৭ (সাত)টি বিষয়ের মধ্যে ৪ (চার)টি বিষয়ে কমপক্ষে B গ্রেড/সমমান ও ৩ (তিন)টি বিষয়ে কমপক্ষে C গ্রেড/সমমান থাকতে হবে।

ঙ. ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের জন্য:

- **A ইউনিটের ক্ষেত্রে:** A-Level এ পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে। তবে পরিসংখ্যান বিভাগের ক্ষেত্রে গণিত/পরিসংখ্যানে ন্যূনতম B গ্রেড/সমমান এবং পরিবেশ বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে।
- **B ইউনিটের ক্ষেত্রে:** O-Level অথবা A-Level এ ইংরেজিতে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে। তবে অর্থনীতি বিভাগের ক্ষেত্রে ইংরেজি এবং গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/হিসাববিজ্ঞান বিষয়ে B গ্রেড/সমমান, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য গণিত ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে।
- **C ইউনিটের ক্ষেত্রে:** O-Level অথবা A-Level এ ইংরেজিতে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে। তবে বাংলা বিভাগের ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে।
- **D ইউনিটের ক্ষেত্রে:** A-Level এ পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে। তবে ফার্মেসী বিভাগ ও বায়োটেকনোলজী এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে এবং পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগের ক্ষেত্রে রসায়ন, জীববিজ্ঞান, গণিত ও ইংরেজিতে (O-Level অথবা A-Level) পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে।

চ. প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থী যেকোনো ইউনিটে আবেদন করতে পারবে।

**উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ শিক্ষার্থীর বিভিন্ন বিষয়ে নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে:**

| A ইউনিট (গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি): | | |
|---|---|---|
| **ইউনিটের অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট বিভাগের নাম** | **উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয় এবং বিষয়সমূহে নিম্নরূপ ন্যূনতম গ্রেড থাকতে হবে** | **ভর্তি পরীক্ষায় (MCQ) সংশ্লিষ্ট বিষয় এবং বিষয়সমূহে নিম্নরূপ ন্যূনতম নম্বর পেতে হবে** |
| গণিত | গণিতে ন্যূনতম A গ্রেড | গণিত অংশে ৫০% নম্বর পেতে হবে। |
| পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান | গণিত অথবা পরিসংখ্যানে ন্যূনতম A গ্রেড | |
| রসায়ন | রসায়নে ন্যূনতম A গ্রেড ও গণিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | রসায়ন অংশে ন্যূনতম ৬০% নম্বর পেতে হবে। |
| পদার্থবিজ্ঞান | পদার্থবিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| ভূতাত্ত্বিক বিজ্ঞান | পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড | - |
| কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | গণিত ও পদার্থবিজ্ঞানে পৃথকভাবে A+ গ্রেড | গণিত ও পদার্থবিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম ৬০% নম্বর পেতে হবে। |
| পরিবেশ বিজ্ঞান | রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | |
| ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি | গণিত ও পদার্থবিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড | গণিত ও পদার্থবিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম ৬০% নম্বর পেতে হবে। |
| B ইউনিট (সমাজবিজ্ঞান অনুষদ): | | |
| অর্থনীতি | ইংরেজি এবং গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/হিসাববিজ্ঞান বিষয়ে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| ভূগোল ও পরিবেশ | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| সরকার ও রাজনীতি | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| নৃবিজ্ঞান | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | বাংলা ও ইংরেজি উভয় অংশে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। |
| নগর ও অঞ্চল পরিকল্পনা | গণিত ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| লোক প্রশাসন | ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড। | - |

| C ইউনিট (কলা ও মানবিকী অনুষদ, আইন অনুষদ এবং তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট): | | |
|---|---|---|
| **ইউনিটের অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট বিভাগের নাম** | **উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয় এবং বিষয়সমূহে নিম্নরূপ ন্যূনতম গ্রেড থাকতে হবে** | **ভর্তি পরীক্ষায় (MCQ) সংশ্লিষ্ট বিষয় এবং বিষয়সমূহে নিম্নরূপ ন্যূনতম নম্বর পেতে হবে** |
| বাংলা | বাংলায় ন্যূনতম A- (মাইনাস) গ্রেড ও ইংরেজিতে ন্যূনতম B গ্রেড | বাংলায় ৫০% এবং ইংরেজিতে ৩০% নম্বর পেতে হবে। |
| ইংরেজি | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় ইংরেজি বিষয়ে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড | ইংরেজিতে ন্যূনতম ৬০% নম্বর পেতে হবে। |
| ইতিহাস | ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| দর্শন | ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| প্রত্নতত্ত্ব | ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| আন্তর্জাতিক সম্পর্ক | ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ | ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম ৬০% নম্বর পেতে হবে। |
| আইন ও বিচার | ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম ৬০% নম্বর পেতে হবে। |
| তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি | ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে। |
| **C1 ইউনিট (কলা ও মানবিকী অনুষদ: নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ):** | | |
| নাটক ও নাট্যতত্ত্ব | বাংলাসহ অন্য যেকোনো একটি বিষয়ে ন্যূনতম B গ্রেড | |
| চারুকলা | বাংলা ও ইংরেজি উভয় বিষয়ে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড | |
| C1 ইউনিট অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তিচ্ছুদের MCQ ও ব্যবহারিক পরীক্ষায় পৃথকভাবে পাশ করতে হবে এবং ২০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে। | | |
| **D ইউনিট (জীববিজ্ঞান অনুষদ):** | | |
| উদ্ভিদবিজ্ঞান | জীববিজ্ঞানে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | উদ্ভিদবিজ্ঞানে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। |
| প্রাণিবিদ্যা | জীববিজ্ঞানে ন্যূনতম A গ্রেড | প্রাণিবিদ্যায় ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। |
| ফার্মেসী | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড এবং পদার্থবিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। |
| প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান | রসায়ন ও জীববিজ্ঞানে ন্যূনতম A গ্রেড | রসায়ন ও জীববিজ্ঞানে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। |
| মাইক্রোবায়োলজি | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড | জীববিজ্ঞানে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। |
| বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | রসায়ন, পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান এবং গণিতে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড | রসায়ন, জীববিজ্ঞান এবং গণিতে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। |
| পাবলিক হেলথ্ এন্ড ইনফরমেটিক্স | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড এবং ইংরেজি ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| **E ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ):** | | |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং,<br>মার্কেটিং,<br>একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস,<br>ম্যানেজমেন্ট স্টাডিজ | (ক) ব্যবসায় শিক্ষা/মানবিক ও অন্যান্য শাখা: ইংরেজি এবং গণিত/অর্থনীতি/হিসাববিজ্ঞান/ব্যবসায় নীতি ও প্রয়োগে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড<br>(খ) বিজ্ঞান শাখা: গণিত এবং ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |

| ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জেইউ | উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয় এবং বিষয়সমূহে নিম্নরূপ ন্যূনতম গ্রেড থাকতে হবে | ভর্তি পরীক্ষায় (MCQ) সংশ্লিষ্ট বিষয় এবং বিষয়সমূহে নিম্নরূপ ন্যূনতম নম্বর পেতে হবে |
|---|---|---|
| আইবিএ-জেইউ | (ক) বিজ্ঞান শাখা: ইংরেজি এবং উচ্চতর গণিতে/পরিসংখ্যানে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড (খ) মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা: ইংরেজি ও হিসাববিজ্ঞান/অর্থনীতি/গণিত/ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ফিন্যান্স, ব্যাংকিং ও ইন্সুরেন্সে পৃথকভাবে ন্যূনতম A-(মাইনাস) গ্রেড | |

## ২. বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষার নম্বর বন্টন :

| ইউনিটের নাম | MCQ পরীক্ষার নম্বর বন্টন |
|---|---|
| **A ইউনিট (গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি, আইআইটি)** | বাংলা ০৩, ইংরেজি ০৩, গণিত ২২, পদার্থবিজ্ঞান ২২, রসায়ন ২২ এবং আইসিটি ০৮ নম্বর |
| **B ইউনিট** (সমাজবিজ্ঞান অনুষদ) | বাংলা ২০, ইংরেজি ২০, সাধারণ গণিত ২০, সাধারণ জ্ঞান ১৫ এবং যৌক্তিক বিশ্লেষণ ০৫ নম্বর। |
| **C ইউনিট** (কলা ও মানবিকী অনুষদ, আইন অনুষদ এবং তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট) | বাংলা ২০, ইংরেজি ২০ এবং সাধারণ জ্ঞান ও বিভাগ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় ৪০ নম্বর |
| **C1 ইউনিট** (কলা ও মানবিকী অনুষদ: নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ): | বাংলা ১০, ইংরেজি ১০, সাধারণ জ্ঞান ২০ এবং বিভাগ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় ৪০ নম্বর |
| **D ইউনিট** (জীববিজ্ঞান অনুষদ): | বাংলা ০৪, ইংরেজি ০৪, বুদ্ধিমত্তা ০৪, রসায়ন ২৪ এবং জীববিজ্ঞান-৪৪ (উদ্ভিদবিজ্ঞান-২২, প্রাণিবিদ্যা-২২) নম্বর |
| **E ইউনিট** (বিজনেস স্টাডিজ অনুষদ): | **ব্যবসায় শিক্ষা শাখা:** বাংলা ২০, ইংরেজি ২০, হিসাববিজ্ঞান ২০ এবং ব্যবস্থাপনা ২০ নম্বর।<br>**বিজ্ঞান/মানবিক/সমমান শাখা:** বাংলা ২০, ইংরেজি ২০, গণিত ও Analytical Ability ২০, বিজনেস সম্পর্কিত সাধারণ জ্ঞান ২০ নম্বর |
| **ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জেইউ** | বাংলা ০৫, ইংরেজি ৩০, Mathematical aptitude and IQ ৩০, সাম্প্রতিক ও বিশ্লেষণমূলক বিষয় ১৫ নম্বর। ভর্তি পরীক্ষায় বাংলা অংশ ব্যতীত সম্পূর্ণ প্রশ্নপত্র ইংরেজিতে প্রণীত হবে। |

## ৩. ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত নিয়মানুযায়ী অনুষ্ঠিত হবে :

ক. MCQ পদ্ধতিতে সকল ইউনিটে ৮০ নম্বরের ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। Optical Mark Reader (OMR) পদ্ধতিতে উত্তরপত্র মূল্যায়ন করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২০ (শূন্য দশমিক দুই শূন্য) নম্বর কাটা যাবে। পরীক্ষার সময় ৫৫ মিনিট। তবে OMR পূরণের জন্য আলাদাভাবে ৫ মিনিট সময় দেয়া হবে।

খ. **সকল ইউনিটের জন্য MCQ পরীক্ষার পাশ নম্বর ন্যূনতম ৪৫% অর্থ্যাৎ ৮০ নম্বরের মধ্যে ৩৬ নম্বর।**

গ. ভর্তি পরীক্ষা শেষ হওয়ার সর্বোচ্চ ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিস ফল প্রকাশ করবে। ভর্তি পরীক্ষার ফল ওয়েবসাইটে ju-admission.org এবং ইউনিট অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। **সংবাদপত্রে ফল প্রকাশ করা হবে না।**

ঘ. ভর্তি পরীক্ষার উত্তরপত্রে (OMR শিট) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও অন্যান্য ঘরে ইংরেজিতে লিখতে হবে এবং সে অনুযায়ী বৃত্ত ভরাট করতে হবে। OMR শিট (উত্তরপত্র)-এর নিচে নির্ধারিত স্থানে নির্দেশনা মোতাবেক একটি বাংলা এবং একটি ইংরেজি বাক্য লিখতে হবে।

ঙ. পরীক্ষার প্রশ্নপত্র ইংরেজিতে চাইলে আবেদনকারীকে আবেদনের সময় প্রশ্নপত্রের ভাষা "**ইংরেজি**" নির্বাচন করতে হবে এবং তাদের পরীক্ষা ইউনিট কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

চ. প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরীক্ষা দেয়ার জন্য বিশেষ সাহায্য প্রয়োজন হলে সংশ্লিষ্ট ইউনিট প্রধান বরাবর সাদা কাগজে আবেদন করে সম্মতি নিতে হবে। প্রতিবন্ধী শিক্ষার্থীর শ্রুতিলেখকের শিক্ষাগত যোগ্যতা সর্বোচ্চ এস.এস.সি/সমমান।

## ৪. ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলি :

ক. আবেদনকারী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা সংক্রান্ত ওয়েবসাইটে **ju-admission.org** প্রয়োজনীয় তথ্য প্রদান করে ন্যূনতম যোগ্যতা যাচাইপূর্বক নিজ মোবাইল নম্বর (আবেদনকারীর নিজের অথবা অভিভাবকের) নিশ্চিত করবেন এবং প্রেরিত পাসওয়ার্ড পরবর্তীতে আবেদন/ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। একই মোবাইল নম্বর ব্যবহার করে একজন আবেদনকারী একাধিক ইউনিটে আবেদন করতে পারবেন। তবে উক্ত মোবাইল নম্বর ব্যবহার করে একই ইউনিটে একাধিক আবেদন করা যাবে না।

খ. আবেদনকারীকে নিজ প্রোফাইল এ গিয়ে "**ছবি আপলোড করুন**" ও "**স্বাক্ষর আপলোড করুন**" অপশনে ক্লিক করে সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙিন ছবি (৩০০×৩০০ পিক্সেল; সর্বোচ্চ ১০০ কিলোবাইট) ও স্বাক্ষর (৩০০×৮০ পিক্সেল; সর্বোচ্চ ৬০ কিলোবাইট) স্ক্যান করে **.jpg অথবা .jpeg** ফরম্যাটে আপলোড করতে হবে।

গ. আবেদনযোগ্য ইউনিটগুলোর তালিকা থেকে আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফি প্রদানপূর্বক এক বা একাধিক ইউনিটে আবেদন সম্পন্ন করতে হবে। পেমেন্ট সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি ও ধাপসমূহ ওয়েবসাইটে **ju-admission.org** পাওয়া যাবে।

ঘ. O লেভেল এবং A লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য এবং ট্রান্সক্রিপ্ট এর স্ক্যান কপি আপলোড করে আবেদন করতে হবে।

## ৫. প্রবেশপত্র ডাউনলোড :

**১৫-১২-২০২৫ তারিখ** থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে । আবেদনকারী তার প্রোফাইলে প্রত্যেক ইউনিটের জন্য পৃথকভাবে "**প্রবেশপত্র ডাউনলোড**" এর অপশন দেখতে পাবেন। ইউনিট ভিত্তিক "**প্রবেশপত্র ডাউনলোড**" বাটনে ক্লিক করে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে এবং প্রিন্ট করে নিজ সংগ্রহে রাখতে হবে। একাধিক ইউনিটে আবেদন করে থাকলে উপরোক্ত নিয়মে প্রতিটি ইউনিটের জন্য আলাদাভাবে **প্রবেশপত্র** সংগ্রহ করতে হবে।

## ৬. সিটপ্ল্যান ও ফলাফলঃ

পরীক্ষার তারিখ, সময়, ভবনের নাম, কক্ষ নম্বর ইত্যাদি তথ্যসহ সিটপ্ল্যান এবং ভর্তি পরীক্ষার ফল **ju-admission.org** থেকেও জানা যাবে।

**বিশেষ দ্রষ্টব্য :** উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ে আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য তার ভেরিফাইড মোবাইলে কেবল "JU" হতেই সকল প্রকার ভর্তি পরীক্ষা সংক্রান্ত SMS প্রদান করা হবে; সেইসাথে "**admissionhelp@juniv.edu**" ই-মেইল এড্রেস থেকে ভর্তি সংশ্লিষ্ট ই-মেইল নোটিফিকেশন পাঠানো হবে।

## ৭. ভর্তির জন্য নির্বাচন পদ্ধতি :

ক. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে নিম্নের (খ)-এ বর্ণিত প্রাপ্ত নম্বর যোগ করে মোট সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে সংশ্লিষ্ট ইউনিট/বিভাগের আসন সংখ্যার সর্বাধিক **১০ (দশ) গুণ** শিক্ষার্থীর পৃথক তালিকা মেধা অনুযায়ী প্রণয়ন করা হবে। **C1 ইউনিটের অন্তর্ভুক্ত নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগের চূড়ান্ত মেধাক্রম ব্যবহারিক পরীক্ষার পরে প্রকাশ করা হবে।**

খ. গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ শিক্ষার্থীর মাধ্যমিক/সমমান পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে **১.৫** দ্বারা এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে **২.৫** দ্বারা গুণ করে লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে চূড়ান্ত ফল তৈরি করা হবে।

গ. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার সঙ্গে সামঞ্জস্য রক্ষার্থে **O লেভেল** এবং **A লেভেল** শিক্ষার্থীদের ক্ষেত্রে A গ্রেডের জন্য **৫**, B গ্রেডের জন্য ৪, C গ্রেডের জন্য **৩.৫** এবং D গ্রেডের জন্য ৩ পয়েন্ট গণ্য করা হবে। উল্লিখিত গ্রেডিং/পয়েন্ট ব্যতীত অন্য কোনো গ্রেড/পয়েন্ট থাকলে সেক্ষেত্রে আইআইটি'র গ্রেডিং সমতা নির্ধারণী কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৮. পরীক্ষার হলে প্রবেশপত্র, মাধ্যমিক পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং সাধারণ বলপেন ছাড়া কোনো প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, ঘড়ি ও অন্য কোনো সহায়ক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না। এসব ডিভাইস পাওয়া গেলে অথবা কোনো শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে এবং যে কোনো পর্যায়ে তা ধরা পড়লে ভর্তি পরীক্ষা বাতিলসহ বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এখানে উল্লেখ্য যে, সময় দেখার জন্য পরীক্ষার হলে ঘড়ির ব্যবস্থা থাকবে।

৯. বিভিন্ন কোটায় ভর্তির আবেদন ভর্তি পরীক্ষার পর উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে গ্রহণ করা হবে। এ ব্যাপারে পরবর্তী সময়ে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হবে।

১০. ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয় পরিবর্তনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১. সহায়তায়:

| | | |
|---|---|---|
| ক. আবেদন ও পেমেন্ট, ছবি ও স্বাক্ষর আপলোড এবং প্রবেশপত্র ও সিটপ্ল্যান সংক্রান্ত (**সকাল ১০:০০ টা থেকে সন্ধ্যা ০৭:০০ টা পর্যন্ত**) | : | 01327361801, 01753987277, 01780056077 |
| খ. সাধারণ জিজ্ঞাসা ও অন্যান্য (**সকাল ১০:০০ টা থেকে সন্ধ্যা ০৭:০০ টা পর্যন্ত**) | : | 01753987277, 01850877333 |
| গ. ই-মেইল | : | **admissionhelp@juniv.edu** |

স্বাক্ষরিত/-(**সৈয়দ মোহাম্মদ আলী রেজা**)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি